দৈনিক বাংলা

26 SEP 1987

... 7 ... কলাম

...06 194

# কাল ঢাকা ভার্সিটি খুলছে ঃ সম্মিলিত মৌন মিছিল হবে

॥ স্টাফ রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ উন্নয়ন ও সন্ত্রাস রোধে গৃহীত কার্যক্রমের সঙ্গে সংহতি [illegible] বার দুপুর ১২টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক, অফিসার ও কর্মচারীরা একটি সম্মিলিত মৌন মিছিল বের করবেন। ঢাকা বিশ্ববিদ্যালয় আগামীকালই খুলছে।

(শেষ পৃঃ ৭-[illegible] [illegible] দেঃ)

## মিছি[illegible] [illegible]ব

([illegible] এর পৃঃ)

কলাভবনের সম[illegible] ভাস্কর্য অপরাজেয় বাংলার প্র[illegible] থেকে এই মিছিল শুরু হবে। [illegible]ছিলটি ঢাকা বিশ্ববিদ্যালয় প্রদক্ষিণ করবে। মিছিলের আগে একটি সমাবেশ অনুষ্ঠিত হবে। ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান সমাবেশে বক্তৃতা করবেন। মিছিল এবং সমাবেশের জন্যে বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস এক ঘন্টার জন্যে বন্ধ থাকবে।

গতকাল অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। প্রশাসনিক ভবনের সভা কক্ষে এ সভায় সভাপতিত্ব করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান।

শিক্ষা পরিবেশ পরিষদের একটি সূত্র জানান ঃ সন্ত্রাস রোধ ও বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে গৃহীত পদক্ষেপসমূহ টিকিয়ে রাখার জন্যে সর্বাত্মক চেষ্টা করা হবে। এই কার্যক্রম থেকে কোনমতেই পিছিয়ে পড়া যাবে না।

গতকাল শিক্ষা পরিবেশ পরিষদের সভায় বিভিন্ন আবাসিক হলের বর্তমান অবস্থা এবং আগামীকাল বিশ্ববিদ্যালয় খোলার বিভিন্ন প্রসঙ্গ আলোচিত হয়। ভাইস চ্যান্সেলরের প্রারম্ভিক বক্তব্যের পর হলসমূহের প্রাধ্যক্ষগণ, শিক্ষক সমিতির কর্মকর্তাবৃন্দ ও ছাত্র নেতৃবৃন্দ আলোচনায় অংশ নেন।

ভাইস চ্যান্সেলর তার বক্তৃতায় বলেন ক্যাম্পাসে সন্ত্রাস রোধে পদক্ষেপ গ্রহণ অব্যাহত থাকবে। এ ব্যাপারে তিনি সবার সহযোগিতা কামনা করেন।

আগামীকালের মৌন মিছিলে অংশগ্রহণের জন্যে শিক্ষা পরিবেশ পরিষদ বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র, শিক্ষক, অফিসার ও কর্মচারীদের প্রতি আহ্বান জানিয়েছে।